

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৮.২৬৫—দশম জাতীয় সংসদের কুড়িগ্রাম-২
(ফুলবাড়ি, রাজারহাট, সদর-উপজেলা) আসনের সংসদ-সদস্য, জাতীয় সংসদে বিরোধী দলীয় চিফ
হাইপ ও জাতীয় পাটির প্রেসিডিয়াম-সদস্য জনাব মো. তাজুল ইসলাম চৌধুরী গত ১৩ আগস্ট ২০১৮
তারিখে ইতেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩
বছর।

২। জনাব মো. তাজুল ইসলাম চৌধুরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রূহের মাগফেরাত
কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার
০৫ ভাদ্র ১৪২৫/২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১০৭৩৩)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: $\frac{০৫ ভাদ্র ১৪২৫}{২০ আগস্ট ২০১৮}$

দশম জাতীয় সংসদের কুড়িগ্রাম-২ (ফুলবাড়ি, রাজারহাট, সদর-উপজেলা) আসনের সংসদ-সদস্য, জাতীয় সংসদে বিরোধী দলীয় চিফ হইপ ও জাতীয় পার্টির প্রেসিডিয়াম-সদস্য জনাব মো. তাজুল ইসলাম চৌধুরী গত ১৩ আগস্ট ২০১৮ তারিখে ইষ্টেকাল করেন (ইন্সেলিন্স ওয়া ইন্সেলিন্স রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

জনাব মো. তাজুল ইসলাম চৌধুরী ১৯৪৫ সালে কুড়িগ্রাম জেলায় জন্মগ্রহণ করেন। বর্ণায় রাজনৈতিক জীবনের অধিকারী জনাব মো. তাজুল ইসলাম চৌধুরী সাতবার সংসদ-সদস্য নির্বাচিত হন। সর্বশেষ তিনি দশম জাতীয় সংসদের কুড়িগ্রাম-২ সংসদীয় আসন হতে জাতীয় পার্টির মনোনয়নে সংসদ-সদস্য নির্বাচিত হন। এছাড়া তিনি জাতীয় পার্টির সরকারের আমলে ভূমি মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব মো. তাজুল ইসলাম চৌধুরী জাতীয় সংসদে বিরোধী দলীয় চিফ হইপ হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করে গেছেন। তিনি বর্তমান সংসদের বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান হিসাবেও অত্যন্ত নিষ্ঠা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া, তিনি জাতীয় পার্টির প্রেসিডিয়াম-সদস্য ছিলেন।

ব্যক্তিগত জীবনে জনাব মো. তাজুল ইসলাম চৌধুরী ছিলেন জনদরদী, অমায়িক ও বন্ধুবৎসল একজন মানুষ। এই জনপ্রতিনিধি তাঁর উদারতা ও পরোপকারিতার জন্য বিপুল জনপ্রিয়তা অর্জন করেন।

বিশিষ্ট এ নেতার মৃত্যুতে দেশ একজন সৎ ও আদর্শবান রাজনীতিবিদকে হারাল। দেশের রাজনৈতিক অঞ্জনে সৃষ্টি হল এক শূন্যতা।

মন্ত্রিসভা জনাব মো. তাজুল ইসলাম চৌধুরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর মুহূর্তে মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd